হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৫ ঃ মেহেরপুর- বৃহস্পতিবার ৩ জুলাই ২০২৫ ইং ঃ ১৯ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



সাইকেল থেকে পড়ে স্মৃতিশক্তি হারিয়ে ফেলেন কাজল- পৃষ্ঠা-৩




## ৩ জুলাই : কোটাবিরোধী বিক্ষোভে উত্তাল শিক্ষাঙ্গন, বিভিন্ন স্থানে সড়ক ও রেলপথ অবরোধ

নিজস্ব প্রতিবেদক


সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিল করে ২০১৮ সালে সরকারের জারি করা পরিপত্র পুনর্বহালের দাবিতে শিক্ষার্থী ও চাকরি প্রত্যাশীদের চলমান আন্দোলন ছড়িয়ে পড়তে থাকে দেশের বিভিন্ন শিক্ষাঙ্গনে। 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর ব্যানারে চলমান এই আন্দোলনে ২০২৪ সালের ৩ জুলাই উত্তাল হয়ে উঠে দেশের শিক্ষাঙ্গন। এ দিন ময়মনসিংহে ট্রেন অবরোধ করে বিক্ষোভ করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা-আরিচা মহাসড়ক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা চট্টগ্রাম-খাগড়াছড়ি মহাসড়ক এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বরিশাল-কুয়াকাটা

২-এর পৃষ্ঠা দেখুন

# তথ্যহীন বোর্ডে ঠকে কৃষক, মেহেরপুরে বন্ধ ২০টি পূর্বাভাস কেন্দ্র

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার ২০টি ইউনিয়ন পরিষদে কৃষকদের জন্য স্থাপিত কৃষি আবহাওয়া পূর্বাভাস তথ্য বোর্ডগুলো দীর্ঘদিন ধরে অচল




অবস্থায় পড়ে রয়েছে। ফলে কৃষকরা প্রয়োজনীয় আবহাওয়ার নির্ভরযোগ্য তথ্য থেকে বঞ্চিত হচ্ছেন, যা তাদের চাষাবাদের সঠিক পরিকল্পনা ও প্রাকৃতিক দুর্যোগ থেকে সুরক্ষা নিতে বাধা সৃষ্টি করছে।

সরেজমিনে গিয়ে দেখা যায়, অধিকাংশ বোর্ডই জরাজীর্ণ ও ভাঙাচোরা অবস্থায়। অনেক স্থানে সংখ্যা গণনার যন্ত্রাংশ অকেজো হয়ে পড়েছে। নিয়ম অনুযায়ী, এই বোর্ডগুলোতে আগের ও পরবর্তী তিন দিনের বৃষ্টিপাতের পরিমাণ, তাপমাত্রা, আর্দ্রতা, বায়ু-প্রবাহ এবং আবহাওয়া-ভিত্তিক কৃষি পরামর্শের তথ্য হালনাগাদ থাকার কথা থাকলেও সেগুলো সচল ছিল না। গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের কৃষক জব্বার মিয়া বলেন, "আমাদের ইউনিয়ন পরিষদে আবহাওয়ার তথ্য বোর্ড থাকলেও আজ পর্যন্ত আমরা কোনো তথ্য পাইনি। যদি এটি চালু করা হতো, তাহলে আমাদের জন্য অনেক উপকার হতো। সময় মতো আবহাওয়ার পূর্বাভাস পেলে চাষাবাদের পরিকল্পনা করতাম।" সদর উপজেলার শ্যামপুর গ্রামের আলমগীর হোসেন বলেন, "প্রাকৃতিক দুর্যোগের কারণে প্রতি বছর আমাদের ফসলের বড় ক্ষতি হয়। আগাম তথ্য পেলে আমরা আগে থেকেই সতর্ক হতে পারতাম। এখন আমরা টেলিভিশন বা মোবাইল ফোন থেকে তথ্য পাই, যা সবসময় পাওয়া সম্ভব না।" মুজিবনগরের তারানগর গ্রামের কৃষক সোহেল রানা জানান, "আমাদের এলাকার কৃষি অফিসার কে তা আমরা জানি না, আর কৃষি অফিসের কেউ আমাদের সঙ্গে আবহাওয়া যন্ত্রের ব্যবহার নিয়ে কখনো আলোচনা করেনি। আমরা টেলিভিশন ও মোবাইল ফোন থেকে আবহাওয়ার তথ্য সংগ্রহ করি।"

মটমুড়া ইউনিয়ন পরিষদের সচিব আশরাফুল

২-এর পৃষ্ঠা দেখুন



# গাংনীতে ভোর মানেই টাটকা মাছের উৎসব"

রাব্বি আহমেদ,গাংনী

ভোর হতেই মেহেরপুরের গাংনী পৌর এলাকার হাটবোয়ালিয়া সড়কের পাশে জমে ওঠে বিশাল মাছের বাজার। মাত্র দুই ঘণ্টাড়সকাল ৬টা থেকে ৮টা এই সময়ে গড়ে প্রায় ২৫ লাখ টাকার মাছ বিক্রি হয় এখানে। চমকে ওঠার মতো তথ্য হলেও এটি এখন এই অঞ্চলের নিত্যদিনের বাস্তবতা।

অবশ্য এই অবস্থানে পৌঁছাতে বাজারটিকে পেরোতে হয়েছে এক দীর্ঘ পথ। মাত্র ছয় বছর আগেও এখানে ছিল হাতে গোনা কিছু কাঠের দোকান আর কয়েকজন ব্যবসায়ী। কিন্তু পরিকল্পিত উদ্যোগ, স্থানীয় উদ্যোগতা ও মানুষের চাহিদার জোড়াতেই গড়ে উঠেছে এক কর্মসংস্থানভিত্তিক, আধুনিক ও প্রাণচঞ্চল বাজার ব্যবস্থা।

ভোরের সূর্য ওঠার আগেই হঠাৎ করেই সরব হয়ে ওঠে এই বাজার। দূর-দূরান্ত থেকে আসে ট্রাক, পিকআপ, ভ্যান ভর্তি চিংড়ি, রুই, কাতলা, তেলাপিয়া, পাঙাশ, বাইমসহ নানা জাতের মাছ। কেউ নদী বা খাল-বিল থেকে ধরেছে, কেউ বা নিজের খামার থেকে মাছ তুলেছেড়সব মিলিয়ে বাজারটিতে তৈরি হয় এক বিশাল মৎস্য উৎসব। মাছ বেচাকেনার জন্য গড়ে উঠেছে ৮টি বড় আড়ত,

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ওএমএস চালু, কম দামে মিলছে চাল-আটা

মেহেরপুর প্রতিনিধি

নিম্ন আয়ের মানুষদের জন্য সরকার নির্ধারিত মূল্যে চাল ও আটা বিক্রির ওএমএস কার্যক্রম শুরু হয়েছে মেহেরপুরে, যা জনসাধারণের মধ্যে স্বস্তি এনে দিয়েছে। গতকাল বুধবার সকালে জেলা শহরের ওয়াপদা সড়কের পাশে জেলা খাদ্য গুদাম প্রাঙ্গণে এই কার্যক্রমের উদ্বোধন করেন জেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা মো. এরশাদ আলী।

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ফের ককটেল ফাটিয়ে গণ ডাকাতি, আতঙ্কে এলাকাবাসী

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার পোড়াপাড়া-যুগিন্দা সড়কে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে গণ ডাকাতির ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১ জুলাই) রাত ১০টার দিকে এই ঘটনা ঘটে। এতে অন্তত ৫০ হাজার টাকা, মোবাইল ফোনসহ অন্যান্য সামগ্রী লুটে নেয় ডাকাত দল।

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, গাংনী বাজার থেকে ব্যবসা শেষে বাড়ি ফিরছিলেন কয়েকজন গরু ও সবজি ব্যবসায়ী। পোড়াপাড়া-যুগিন্দা সড়কের নির্জন এলাকায় পৌঁছালে ওৎ পেতে থাকা সশস্ত্র

২-এর পৃষ্ঠা দেখুন



## বিএনপি সংগঠনে গতি আনতে ফখরুল-অরুণ বৈঠক

নিজস্ব প্রতিবেদক

বিএনপির সাংগঠনিক কার্যক্রমে নতুন গতি আনতে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বৈঠক করেছেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুণ। গতকাল বুধবার সকাল ১১টায় গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এই বৈঠক অনুষ্ঠিত

২-এর পৃষ্ঠা দেখুন

## শেখ হাসিনাকে ছয় মাসের কারাদণ্ড

সূযোদয় ডেস্ক

আদালত অবমাননার দায়ে পতিত স্বৈরাচারী শাসক শেখ হাসিনাকে ছয় মাসের কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বুধবার দুপুরে এই আদেশ দেন বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল।

এছাড়া, একই মামলায় গাইবান্ধার গোবিন্দগঞ্জের শাকিল আকন্দ বুলবুলকে দুই মাসের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে। ফলে পালিয়ে যাওয়ার পর প্রথমবার সাজাপ্রাপ্ত হলেন শেখ হাসিনা ও শাকিল আকন্দ।

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মেহেরপুর জেলা আহ্বায়ক কমিটির উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ (বুধবার) বিকেল ৫টায় জেলা বিএনপির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির সদস্যসচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

# মুজিবনগরে ৫ হাজারের বেশি কৃষক পেলেন সরকারি সহায়তা

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগরে সরকারি প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির আওতায় ৫ হাজারের বেশি কৃষক বিনামূল্যে সার, বীজ ও কৃষি উপকরণ পেয়েছেন।গতকাল বুধবার উপজেলা পরিষদ চত্বরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও উপজেলা প্রশাসনের যৌথ উদ্যোগে এ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠিত হয়।



অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন। প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। উপস্থিত ছিলেন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা তারিক আজিজ এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স।

উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন জানান ২০২৪-২৫ অর্থবছরে ১ হাজার ১৩০ জন কৃষককে বিনামূল্যে ৫ কেজি রোপা আমন ধানের বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়েছে। এছাড়া পেঁয়াজ উৎপাদন ও সংরক্ষণ বৃদ্ধির লক্ষ্যে ৩ হাজার চাষীকে পেঁয়াজ বীজ, সার ও বালাইনাশক সরবরাহ করা হয়েছে। আধুনিক 'এয়ার ফ্লো মেশিন' পেয়েছে ৩০ জন কৃষক। দেশীয় পেঁয়াজ বীজ উৎপাদনের জন্য ৫০ জন বীজ চাষীকে প্রয়োজনীয় উপকরণ প্রদান করা হয়েছে। শাকসবজি উৎপাদন বাড়াতে ২ শতাধিক কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা হয়েছে।কালবৈশাখী ঝড়ে ক্ষতিগ্রস্ত ১ হাজার কলা চাষীকে পুনর্বাসন কর্মসূচির আওতায় সার, কীটনাশকসহ বিভিন্ন উপকরণ দেওয়া হয়েছে।

তিনি আরো বলেন, "প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও উৎপাদন বাড়াতে এ ধরনের সহায়তা কৃষকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

২-এর পৃষ্ঠা দেখুন



## দুস্থদের পাশে দাঁড়ালো মেহেরপুর জেলা প্রশাসন

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলার দুস্থ ও অসহায় মানুষের মাঝে আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে মোট ৩৭ জন সুবিধাভোগীর হাতে জেলা প্রশাসনের স্বেচ্ছাধীন তহবিল থেকে ২ লাখ ৭৭ হাজার টাকার অনুদান প্রদান করা হয়।

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম নিজে উপস্থিত থেকে সুবিধাভোগীদের হাতে এই অনুদান তুলে দেন। তিনি বলেন, "আমাদের প্রধান লক্ষ্য হলো সমাজের সবচেয়ে দুর্বল ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো এবং তাদের জীবনযাত্রার মান উন্নয়নে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর যুবলীগের যুগ্ম আহ্বায়ক পেরেশান ঢাকায় গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ শহিদুল ইসলাম পেরেশানকে ঢাকা যাত্রবাড়ীর সন্ত্রাস বিরোধি একটি মামলায় গ্রেপ্তার করেছে ঢাকা গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (১ জুলাই) দিবাগত রাত ১টা ৩০

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে জুলাই-আগস্ট শহীদদের স্মরণে দোয়া ও আলোচনা সভা

গাংনী প্রতিনিধি

২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে শহীদ, আহত ও পঙ্গুত্বপ্রাপ্তদের স্মরণে গাংনী উপজেলায় এক দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২ জুলাই) বিকেলে গাংনী উপজেলার চৌগাছা দারুল এয়াতিমখানায় এই অনুষ্ঠানের আয়োজন করে গাংনী উপজেলা জামায়াতে ইসলামী।

গাংনী উপজেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমীর ও মেহেরপুর-১ আসনের সংসদ

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

হইচয়ে ক্লাসে মনোযোগ হরাচ্ছে
শিশু শিক্ষার্থীরা
মামুনুর রশিদ মামুন
বই এর পাতাই মাছের গন্ধ
স্কুলে বসছে হাট
নুংরা কাদায় গন্ধ ছড়াই
কে করবে তাদের সার্ট।
কলম ধরে লিখবে যখন
শিক্ষার এখন কথা
পচাঁ আলুর গন্ধে তাদের
নাক হয়ে যাই ভোতা।
ডিসি এসপি সব দেখেছি
হয়নি কোন কাজ
রাজনৈতিক নেতার নাকি
লম্বা বড় হাত।



## গাংনীতে সাবেক এমপি আমজাদ হোসেনের গণসংযোগ

গাংনী প্রতিনিধি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি আমজাদ হোসেন নির্বাচনী প্রচার-প্রচারণা জোরদার করেছেন। বুধবার (২ জুলাই) মটমুড়া ইউনিয়নে দ্বিতীয় দিনের মতো গণসংযোগ করেন তিনি।

সকালে ইউনিয়নের বিভিন্ন গ্রামে দলীয় নেতাকর্মীদের নিয়ে ঘরেঘরে

২-এর পৃষ্ঠা দেখুন

## শেখ রেহানার স্বামী ও দেবরের জমিসহ ১০ তলা ভবন ক্রোক

সূযোদয় ডেক্স

বুধবার (২ জুলাই) সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বোন শেখ রেহানার স্বামী শফিক সিদ্দিক এবং তার দেবর তারিক সিদ্দিকের গাজীপুর সদরের জমিসহ দশ তলা ভবন ক্রোক করার নির্দেশ দিয়েছে আদালত। আদালত এই সম্পদের মূল্য আনুমানিক ১৫ কোটি টাকা উল্লেখ করেছে।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের প্রেক্ষিতে আজ বুধবার ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মোঃ জাকির হোসেন গালিব এই আদেশ প্রদান করেন। একই

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নবনির্বাচিত সদস্যরা বুধবার(২ জুলাই) আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন। এ উপলক্ষে দুপুরে ব্যাংকের কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানের

২-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে জুলাই সনদের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ ও গণসমাবেশ

ঝিনাইদহ প্রতিনিধি

জুলাই গণ-অভ্যুত্থানের ঘোষণাপত্র (জুলাই সনদ) প্রকাশের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ ও গণসমাবেশ করেছে 'জুলাই রেভুলোশন এলায়েন্স'। বুধবার (২ জুলাই) বিকেল সাড়ে ৪টায় শহরের পায়রা

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ১৯ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৩ জুলাই ২০২৫ইং



## ডায়াবেটিস রোগীরা যে দুই মাছ থেকে দূরে থাকবেন

আমাদের সূর্যোদয় ডেক্স

ডায়াবেটিস রোগীরা সাধারণত প্রথমেই মিষ্টি থেকে দূরে থাকেন। মিষ্টি খাওয়া নিষেধ, মিষ্টি খাওয়া যাবে না। কারণ চিকিৎসকদের মানা। তারা প্রথমেই চিনি থেকে দূরে থাকতে বলেন। কিন্তু শুধু চিনিতে কেন, কিছু কিছু ফলও চিনির মতো মিষ্টি স্বাদের হওয়ায় ডায়াবেটিস রোগীদের জন্য সে ফলও খেতে নিষেধ করেন চিকিৎসকরা। আর শুধু চিনি নয়; এ তালিকায় যুক্ত আছে কিছু মাছও। বিশেষজ্ঞ চিকিৎসকরা জানিয়েছেন, একজন ডায়াবেটিস রোগীর স্বাস্থ্যকর জীবনধারা অনুসরণ করা উচিত। সঠিক জীবনধারা অনুসরণ করে স্বাস্থ্যকর খাবার খেলে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করা খুবই সহজ হয়।

আর প্রত্যেকের কার্বোহাইড্রেট খাওয়ার ওপর নজর রাখা জরুরি। সেই সঙ্গে রক্তে শর্করার মাত্রা স্বাভাবিক রাখতে সকালের নাশতা, দুপুর ও রাতের খাবারে খাদ্যের উপাদানগুলোর সঠিক পরিমাণ এবং ভারসাম্য বজায় রাখা উচিত।

সে জন্য ডায়াবেটিস রোগীদের কিছু মাছ খাওয়া থেকে দূরে থাকা উচিত। বড় পাকা পোনা, চিংড়ি ও কিছু সামুদ্রিক মাছে উচ্চ পরিমাণে কোলেস্টেরল থাকে। এসব তাদের জন্য ক্ষতিকর। তাই এসব মাছ সীমিত পরিমাণে

২-এর পৃষ্ঠা দেখুন

## সঙ্কটকে জয় করে স্বপ্নের রূপকার গাংনীর নাজমুল খানের গল্প



নিজস্ব প্রতিবেদক

সফলতা অর্জনের পথে ইচ্ছাশক্তি, দৃঢ় সংকল্প ও পরিশ্রমের অপরিসীম গুরুত্ব অস্বীকার করার কোনো উপায় নেই। মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামের যুবক নাজমুল খান এই সত্যকে জীবনের বাস্তবতায় রূপান্তরিত করেছেন। গার্মেন্টস শিল্প থেকে সংগৃহীত পরিত্যক্ত কাপড়ের টুকরো, অর্থাৎ 'ঝুট' থেকে তুলা তৈরি করে তিনি কেবল নিজেকে স্বাবলম্বী করেছেন না, বরং কর্মসংস্থানের সুযোগও সৃষ্টির মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। পারিবারিক আর্থিক সীমাবদ্ধতার কারণে নাজমুল খান উচ্চশিক্ষায় দীর্ঘ সময় অধ্যবসায় করতে পারেননি। জীবন নির্বাহের তাগিদে তিনি ফরিদপুর জেলার একটি তুলা কারখানায় কর্মজীবন শুরু করেন এবং প্রায় ১৬-১৭ বছর পরিশ্রমের মাধ্যমে অভিজ্ঞতা সঞ্চয় করেন। এই দীর্ঘ সময়ের শ্রম ও সংগ্রামের মধ্য দিয়ে তিনি স্বপ্ন দেখেন নিজস্ব কারখানা প্রতিষ্ঠার। পরবর্তীতে নিজ গ্রামে ফিরে নাজমুল খান ৫ লাখ টাকা বিনিয়োগ করে তুলা প্রস্তুতির জন্য

২-এর পৃষ্ঠা দেখুন

## ৫ মাসে নিখোঁজ প্রায় ৫০০ গৃহবধূ নড়েচড়ে বসেছে প্রশাসন

সূর্যোদয় ডেস্ক



পশ্চিমবঙ্গের উত্তর চব্বিশ পরগনার বারাসাত মহকুমায় ঘটছে এক অদ্ভুত ও উদ্বেগজনক ঘটনাড় ঘর থেকে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যাচ্ছেন শত শত বিবাহিত নারী। গত পাঁচ মাসে (জানুয়ারি থেকে মে) এই এলাকায় নিখোঁজ হয়েছেন অন্তত ৫৩৬ জন নারী, যাদের মধ্যে প্রায় ৯০ শতাংশই বিবাহিত গৃহবধূ। বারাসাত জেলা পুলিশ সূত্রে জানা গেছে, নিখোঁজ নারীদের অধিকাংশের বয়স ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। পুলিশের দাবি, তদন্তে উঠে এসেছে বেশিরভাগ ক্ষেত্রে এই নারীরা নিজ ইচ্ছায় ঘর ছেড়েছেন, এবং অনেক সময়েই এটি ঘটেছে সোশ্যাল মিডিয়ায় গড়ে ওঠা প্রেম বা ঘনিষ্ঠ সম্পর্কের কারণে। একাধিক থানার রেকর্ড বিশ্লেষণ করে জানা গেছে, বহু নারী ফেসবুক, ইনস্টাগ্রাম, হোয়াটসঅ্যাপ কিংবা টিকটকের মাধ্যমে অপরিচিত পুরুষদের সঙ্গে পরিচিত হন। এরপর ধীরে ধীরে যোগাযোগ ঘনিষ্ঠ হয়, এবং একসময় তারা পরিবারকে কিছু না জানিয়েই ঘর ছেড়ে চলে যান। এমনকি ছোট সন্তান রেখে গিয়েছেন এমন ঘটনাও রয়েছে একাধিক। তবে উদ্ধার হওয়ার পর অনেক নারী পুলিশকে স্পষ্ট জানিয়েছেন, "আমরা প্রাপ্তবয়স্ক, নিজের জীবন নিয়ে সিদ্ধান্ত নেওয়ার অধিকার আমাদের রয়েছে।" এই ধরণের

২-এর পৃষ্ঠা দেখুন



## বন্ধু পরিচয়ে ছাত্রীদের সাথে ঘনিষ্ঠ হতে চান ইবি শিক্ষক

কুস্টিয়া প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. আজিজুল ইসলামের বিরুদ্ধে নারী শিক্ষার্থীদের হয়রানির গুরুতর অভিযোগ উঠেছে। বিভাগের ২৩

৩-এর পৃষ্ঠা দেখুন

## ঋতুপর্ণার জোড়া গোলে এশিয়ান কাপে বাংলাদেশ

সূযোদয় ডেক্স



বাংলাদেশ নারী ফুটবলে নতুন ইতিহাসের দ্বারপ্রান্তে। প্রথমবারের মতো এশিয়ান কাপের মূল পর্বে জায়গা করে নিতে চলেছে লাল-সবুজের প্রতিনিধিরা। বুধবার (২ জুলাই) ইয়াঙ্গুনে স্বাগতিক মিয়ানমারকে ২-১ গোলে হারিয়ে গ্রুপ শীর্ষে উঠে এসেছে বাংলাদেশ। এই জয়ে আগামী বছর অস্ট্রেলিয়ায় অনুষ্ঠেয় নারী এশিয়ান কাপের টিকিট প্রায় নিশ্চিত করেছে গোলাম রব্বানী ছোটনের শিষ্যারা।

ফিফা র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের অবস্থান ১২৮ নম্বরে, আর মিয়ানমার রয়েছে ৫৫তম স্থানে। দুই দলের মধ্যে ৭৩ ধাপের ব্যবধান হলেও মাঠে ফুটে উঠেছে ভিন্ন চিত্র। গোলের খাতায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে শিক্ষার্থীদের নিয়ে বৃক্ষরোপণের উৎসব, কৃষকরা পেলেন প্রণোদনা

গাংনী প্রতিনিধি

পরিবেশ রক্ষা ও কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গাংনী উপজেলায় কৃষি বিভাগের ব্যতিক্রমী উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা এবং কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা বিতরণ করা হয়েছে। এই উপলক্ষে বুধবার (২ জুলাই) গাংনী উপজেলা পরিষদ চত্বরে এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির উদ্বোধন করেন। উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধি, বিভিন্ন সরকারি দপ্তরের

৩-এর পৃষ্ঠা দেখুন

## চন্দ্রযান-৩ মিশন 'সাজানো নাটক' ফেক নিউজ ওয়াচডগের বিস্ফোরক প্রতিবেদন

সূর্যোদয় ডেস্ক

ভারতের মহাকাশ অভিযানে ইতিহাস গড়া চন্দ্রযান-৩ মিশনকে ঘিরে বিস্ফোরক দাবি তুলেছে 'ফেক নিউজ ওয়াচডগ' নামে একটি সংস্থা। সম্প্রতি প্রকাশিত ৬৫ পৃষ্ঠার শ্বেতপত্রে সংস্থাটি দাবি করেছে, চন্দ্রযান-৩ মূলত একটি সাজানো মিডিয়া প্রযোজনা ছিলড়বৈজ্ঞানিক নয়।

প্রতিবেদন অনুযায়ী, চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণের দৃশ্য সরাসরি সম্প্রচারিত হলেও তা ছিল কম্পিউটার-নির্মিত গ্রাফিক্স। কন্ট্রোল রুমের দৃশ্যকেও 'পরিকল্পিত ও অভিনয়নির্ভর' উল্লেখ করে বলা হয়েছে, জনমনে উত্তেজনা তৈরি করতেই এমন পরিবেশ তৈরি করা হয়।

ফেক নিউজ ওয়াচডগ-এর দাবি, চন্দ্রযান-৩ প্রকৃতপক্ষে চাঁদের যে স্থানে অবতরণ করেছে, তা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পের যুদ্ধবিরতির ঘোষণায় হামাসের প্রতিক্রিয়া: স্থায়ী সমাধানেই জোর

সূর্যোদয় ডেস্ক

মধ্যপ্রাচ্যের রক্তক্ষয়ী গাজা যুদ্ধ থামাতে নতুন করে আলোচনার প্রস্তাব দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার (১ জুলাই) দিবাগত রাতে নিজের সামাজিকমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ এক পোস্টে তিনি জানান, হামাস ও ইসরায়েলের মধ্যে ৬০ দিনের একটি অস্থায়ী যুদ্ধবিরতির বিষয়ে ইসরায়েল সম্মত হয়েছে। এই সময়ের মধ্যেই দু'পক্ষের সঙ্গে সমঝোতার মাধ্যমে যুদ্ধ স্থায়ীভাবে বন্ধের চেষ্টা চালানো হবে বলেও জানান তিনি।

এই ঘোষণার পরপরই তাৎক্ষণিক প্রতিক্রিয়া দিয়েছে ফিলিস্তিনের সশস্ত্র সংগঠন হামাস। গোষ্ঠীটির জ্যেষ্ঠ কর্মকর্তা তাহের আল নুনু এক বিবৃতিতে বলেন,"যে কোনো চুক্তি হোক না কেন, তার মাধ্যমে অবশ্যই যুদ্ধের স্থায়ী অবসান নিশ্চিত করতে হবে। অস্থায়ী যুদ্ধবিরতি কোনো অজুহাতে যেন পুনরায় হামলার পথ তৈরি না করে।" তিনি আরও বলেন, হামাস একটি গুরুত্বপূর্ণ ও গঠনমূলক অবস্থানে রয়েছে এবং তারা যুদ্ধ থামাতে কার্যকর পদক্ষেপ নিতে প্রস্তুত। গত কয়েক মাস ধরেই মিসর ও কাতারের মধ্যস্থতায় ইসরায়েল-হামাসের মধ্যে যুদ্ধবিরতির বিষয়ে আলোচনা চলছিল। তবে ইসরায়েলের অবস্থান ছিল, যুদ্ধবিরতি শেষে তারা গাজায় অভিযান পুনরায় শুরু করবে। এই অবস্থানকে অগ্রহণযোগ্য বলে আসছে হামাস।

এ বিষয়ে আজ (বুধবার) মিসরের রাজধানী কায়রোতে কাতার ও মিসরের মধ্যস্থতাকারী দলের সঙ্গে বৈঠকে বসছে হামাস প্রতিনিধি দল। বৈঠকে ট্রাম্পের প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা হবে বলে জানা গেছে। ৩-এর পৃষ্ঠা দেখুন

## ওয়ানডেতে নতুন রেকর্ড শান্তর

সূযোদয় ডেক্স

স্বাগতিক শ্রীলংকার বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে আজ বুধবার কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে খেলতে নেমেছে বাংলাদেশ দল। এদিন মেহেদী হাসান মিরাজ টস হেরে ফিল্ডিং করতে নামে সফরকারীরা। আর এই ম্যাচে খেলতে নেমে নতুন মাইলফলক স্পর্শ করেছেন নাজমুল হোসেন শান্ত।ওয়ানডে ক্যারিয়ারের ফিফটি পূরণ করেছেন তিনি। এ পর্যন্ত বাংলাদেশের হয়ে ৫০ বা

৩-এর পৃষ্ঠা দেখুন

## সেই সাবেক সহকারী কমিশনার ঊর্মি চাকরিচ্যুত

সূযোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকার ও প্রধান উপদেষ্টাকে নিয়ে সোশ্যাল মিডিয়ায় বিতর্কিত স্ট্যাটাস দেওয়া লালমনিরহাট জেলা প্রশাসক কার্যালয়ের সাবেক সহকারী কমিশনার (ম্যাজিস্ট্রেট)তাপসী তাবাসসুম ঊর্মিকে চাকরিচ্যুত করেছে সরকার। বুধবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, গত বছরের ৬ অক্টোবর তিনি ফেসবুকে এক স্ট্যাটাসের মাধ্যমে অন্তর্বর্তী সরকার ও প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে বিতর্কিত মন্তব্য করায় তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচারণ' এর অভিযোগে বিভাগীয় মামলা হয়। এরপর তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। তিনি নিরাপত্তার কারণে ব্যক্তিগত শুনানিতে অংশ

৩-এর পৃষ্ঠা দেখুন

## ডিলিট করা হোয়াটসঅ্যাপ মেসেজও দেখা সম্ভব, জেনে নিন পদ্ধতি

আমাদের সূর্যোদয় ডেক্স

বারবার ফোন চার্জ দেওয়ার দুশ্চিন্তার অবশান হতে চলেছে। চীনা টেক কোম্পানি 'বেটাভোল্ট' আনতে চলেছে এক নতুন ধরনের ব্যাটারি। কোনো চার্জ ছাড়াই এই ব্যাটারি ব্যবহার করা যাবে ৫০ বছর বলে দাবি করেছে কোম্পানিটি।

বেটাভোল্ট বলছে, তাদের উৎপাদিত এই পারমাণবিক ব্যাটারিটিতে মুদ্রার চেয়েও ছোট একটি মডিউলে ৬৩টি আইসোটোপ স্থাপিত।

পরবর্তী প্রজন্মের ব্যাটারিটি বর্তমানে পরীক্ষামূলক ব্যবহার পর্যায়ে রয়েছে। দ্রুতই এটির বাণিজ্যিক ব্যবহার শুরু হবে।





স্মার্টফোন ছাড়াও পারমাণবিক শক্তির ব্যাটারি ব্যবহার করা যাবে মহাকাশ যন্ত্র, এআই সরঞ্জাম, চিকিৎসা সরঞ্জাম, মাইক্রোপ্রসেসর, উন্নত সেন্সর, ছোট ড্রোন এবং মাইক্রো-রোবটের মতো যন্ত্রে। নিরাপত্তার দিক দিয়েও প্রচলিত ব্যাটারির তুলনায় এই ব্যাটারি বেশ এগিয়ে। এটিতে ধরবে না আগুন। সাধারণ ব্যাটারিতে উচ্চ তাপমাত্রায় নিরাপত্তা ঝুঁকি থাকে। এতে পারমাণবিক শক্তি ব্যবহার হলেও নেই কোনো তেজস্ক্রিয়তার ঝুঁকি। ২০২৫ সাল নাগাদ এই ব্যাটারি বাজারজাত করার পরিকল্পনা রয়েছে কোম্পানিটির।

## প্রবাসীদের সুবিধা দিয়ে ব্যাগেজ রুলস সংশোধন করল এনবিআর

সূযোদয় প্রতিবেদন

প্রবাসীদের সুবিধা দিয়ে ব্যাগেজ রুলস সংশোধন করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। বুধবার এনবিআরের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, বিদ্যমান ব্যাগেজ রুলস আরও কার্যকর ও যাত্রীবান্ধব করার উদ্দেশ্যে বিগত ২ জুন জাতীয় রাজস্ব বোর্ড নতুন ব্যাগেজ রুলস (অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৫) জারি করে, যা ২ জুলাই থেকে কার্যকর হবে। পরবর্তীতে বিভিন্ন অংশীজন এবং মাঠ পর্যায়ের দফতরগুলোর মতামত বিবেচনায় নিয়ে প্রবাসী বাংলাদেশিদের বাগেজ সুবিধা বাড়ানোসহ কতিপয় বিষয় সংশোধন করা হয়েছে।

সবশেষ সংশোধনসহ সার্বিক বিবেচনায় নতুন ব্যাগেজ রুলসের উল্লেখযোগ্য

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারত-পাকিস্তান ম্যাচ ৭ সেপ্টেম্বর, এশিয়া কাপ শুরু ৫ সেপ্টেম্বর

সূযোদয় ডেক্স

ভারত-পাকিস্তান দ্বৈরথ ঘিরে ক্রিকেট বিশ্বে আবারও বাড়ছে উত্তেজনার পারদ। রাজনৈতিক টানাপোড়েন, নিরাপত্তা উদ্বেগ এবং আয়োজক দেশ নিয়ে অনিশ্চয়তাড়সব কাটিয়ে অবশেষে চূড়ান্ত হতে চলেছে এশিয়া কাপ ২০২৫। 'টাইমস অব ইন্ডিয়া'র বরাতে জানা গেছে, এবারের এশিয়া কাপ শুরু হবে ৫ সেপ্টেম্বর, আর বহুল প্রতীক্ষিত ভারত-পাকিস্তান ম্যাচ মাঠে গড়াবে ৭ সেপ্টেম্বর।

৩-এর পৃষ্ঠা দেখুন

শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : +০১৩০৬-৬১১১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস, বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স, মিট বক্স এন্ড, পাস্তা, সালাদ, ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,





ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা, কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাঙ্খি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ৩ জুলাই ২০২৫ ইং

## উন্নয়নের নামেই শুধু প্রকল্প কাজে শূন্য

পরিকল্পনা ছিল পরিবেশবান্ধব, পরিচ্ছন্ন একটি মেহেরপুর শহর গড়ে তোলা। সে লক্ষ্যেই প্রায় ২ কোটি ৭২ লাখ টাকা খরচ করে নির্মাণ করা হয় পয়ঃবর্জ্য পরিশোধনাগার ও স্যানিটারি ল্যান্ডফিল্ড। কিন্তু বাস্তবতা হলোড়প্রকল্পটি চার বছরেও চালু হয়নি। ফলে শহরের অলিগলিতে ময়লার স্তূপ, দুর্গন্ধ, আর বাসিন্দাদের নিত্য দুর্ভোগ এখন স্বাভাবিক চিত্র।

যেখানে উন্নয়ন প্রকল্পে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, সেখানে কিছু 'অবকাঠামোগত ত্রুটি', অর্থের অভাব আর লোকবলের অজুহাতে এতদিন ধরে একটি গুরুত্বপূর্ণ প্রকল্প পড়ে থাকাটা দুঃখজনকই নয়, দায়হীনতার পরিচায়ক। প্রশ্ন হচ্ছেড়প্রকল্প নেওয়ার সময় এই ত্রুটিগুলো দেখা হয়নি কেন? শুধু উদ্বোধন করার জন্যই কি এসব নির্মাণ? শহরের যেসব রাস্তায় ময়লা পড়ে থাকে, সেসব এলাকায় দুর্গন্ধে বাস করা কষ্টকর হয়ে উঠেছে। স্বাস্থ্যঝুঁকি তো আছেই, তার চেয়েও বড় কথা শহরবাসীর জীবনের মান প্রশ্নবিদ্ধ হয়ে গেছে। শিশুরা অসুস্থ হচ্ছে, যান চলাচলে বিঘ্ন ঘটছে, বর্ষায় অবস্থা আরও করুণ। পৌর কর্তৃপক্ষ বলছেন, নতুন করে চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে মানুষ আশ্বাস নয়, কাজ দেখতে চায়। একটি শহরের পরিচ্ছন্নতা আর পরিবেশ রক্ষা কোনো বিলাসিতা নয়ড়এটি নাগরিক অধিকার। আর তা নিশ্চিত করা স্থানীয় সরকারের মৌলিক দায়িত্ব।

আমরা আশা করি, এই প্রকল্পের কাজে আর দেরি না করে দ্রুত সমস্যাগুলো সমাধান করে এটিকে চালু করা হবে। নইলে উন্নয়নের নামে শুধু টাকার অপচয় হবে, আর সাধারণ মানুষ ভুগতেই থাকবে।

## ভাঙছে একান্নবর্তী পরিবার: হারিয়ে যাচ্ছে মূল্যবোধের পাঠশালা

আবুল কাসেম অনুরাগী



একান্নবর্তী পরিবার ছিল বাঙালি সমাজের আত্মিক বন্ধনের মূল ভিত্তি। প্রজন্মের পর প্রজন্ম বেড়ে উঠত এক ছাদের নিচে, যেখানে শুধু রক্তের সম্পর্ক নয়, ছিল মমতা, সহানুভূতি, দায়িত্ববোধ ও আত্মত্যাগের গভীর শিক্ষা। একক পরিবারের যান্ত্রিক কাঠামোয় সেই সম্পর্ক আজ চুপসে পড়ছে। প্রযুক্তিনির্ভর, ব্যস্ত আর আত্মকেন্দ্রিক সমাজে ভেঙে পড়েছে এই ঐতিহ্যবাহী পারিবারিক কাঠামো। এতে শুধু ব্যক্তি নয়, ক্ষতিগ্রস্ত হচ্ছে সমাজও। শুধু শহর নয়, গ্রামাঞ্চলেও যৌথ পরিবারের সংখ্যা দ্রুত হ্রাস পাচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষণায় দেখা গেছে, পরিবারের গড় সদস্য সংখ্যা ক্রমাগত কমছে, যা একান্নবর্তী পরিবারের বিলুপ্তিরই ইঙ্গিত দেয়। একই সঙ্গে তালাকের হার বাড়ছে, যা একক পরিবারের মানসিক চাপে ভোগার বাস্তব চিত্রই তুলে ধরে। একান্নবর্তী পরিবার শুধু একটি বসবাসের কাঠামো ছিল না; এটি ছিল জীবনের প্রথম ও প্রধান পাঠশালা। দাদা-দাদি, চাচা-ফুপু, ভাবি-ননদ, সবাই মিলে তৈরি হতো একটি আন্তঃসম্পর্কিত জগত, যেখানে শিশুরা শেখার সুযোগ পেত মূল্যবোধ, সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধার। আজকের একক পরিবারে সেই সুযোগ অনুপস্থিত। শিশুরা বড় হচ্ছে পর্দা-আসক্ত, সম্পর্ক-অনভ্যস্ত হয়ে। যার ফলস্বরূপ সমাজে দেখা দিচ্ছে আত্মকেন্দ্রিকতা, দায়িত্বহীনতা ও একাকিত্ব। বিশেষ করে প্রবীণদের প্রতি অবহেলা একক পরিবারের সবচেয়ে বেদনাদায়ক দিকগুলোর একটি। বৃদ্ধাশ্রমগুলো এখন ভর্তি শিক্ষিত ও সম্মানিত প্রবীণে, যাঁদের সন্তানেরা হয় বিদেশে, নয়তো উদাসীন। এমন বাস্তবতা আমাদের প্রশ্নবিদ্ধ করেড়আমরা কী হারাচ্ছি? আমরা হারাচ্ছি আমাদের শিকড়। পারিবারিক ঐক্য, মানসিক প্রশান্তি, সম্মিলিত সম্পদ ব্যবস্থাপনা, পারস্পরিক সহায়তাড়এসবই একান্নবর্তী পরিবারের উপকারিতা ছিল। এর পরিবর্তে একক পরিবারে প্রতিটি সদস্যকে পৃথকভাবে সংগ্রাম করতে হচ্ছে জীবনের প্রতিটি চাপে। শিশু থেকে প্রবীণড়সবাই হয়ে পড়ছে নিঃসঙ্গ, বিপন্ন রাষ্ট্রীয় ও সামাজিকভাবে এখনই সময় যৌথ পারিবারিক কাঠামোর গুরুত্ব অনুধাবন করে নতুন নীতিমালা গ্রহণের। বড় পরিবার উপযোগী আবাসন পরিকল্পনা, পাঠ্যক্রমে পারিবারিক মূল্যবোধের অন্তর্ভুক্তি, মিডিয়ায় সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা এবং সমাজে পারস্পরিক সম্পর্ক পুনর্গঠনের উদ্যোগ নিতে হবে।

জাপানসহ কিছু উন্নত দেশ এই পথে হাঁটছে। বাংলাদেশেও সাংস্কৃতিক ঐতিহ্যের ভিতে থাকা পারিবারিক সৌহার্দ্যকে ফিরিয়ে আনা সম্ভব। একান্নবর্তী পরিবারের গঠন হয়তো পুরনো রূপে সম্ভব নয়, কিন্তু তার মানবিক মূল্যবোধ, সম্পর্কের উষ্ণতা, দায়িত্ববোধড়এসব নতুন কাঠামোতেও রক্ষা করা সম্ভব। পরিবার একসময় ছিল মানসিক নিরাপত্তার দুর্গ। এখন সেটা হয়ে পড়েছে চুক্তিভিত্তিক সম্পর্কের কাঠামো। এই চিত্র বদলাতে হলে আমাদের ভাবতে হবে স্বাধীনতার নামে নিঃসঙ্গতা নয়, সম্পর্কের বন্ধনে আবদ্ধ সমাজই হতে পারে টেকসই উন্নয়নের মডেল।(লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

## গাংনীতে ভোর মানেই টাটকা মাছের

যেখানে প্রতিটি আড়ত থেকেই প্রতিদিন গড়ে ৩ থেকে সাড়ে ৩ লাখ টাকার মাছ বিক্রি হয়। শুধু গাংনী নয় মুজিবনগর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, এমনকি যশোর থেকেও পাইকার আসেন মাছ কিনতে। বাজার ঘুরে দেখা গেছে, ক্রেতার সংখ্যা দৈনিক প্রায় ১৫০০ থেকে ২০০০ জনের মতো। এখানে শুধু পাইকার নয়, খুচরা বিক্রেতা ও গৃহিণীরাও নিয়মিত মাছ কিনতে আসেন। চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থেকে আসা পাইকার শরিফুল ইসলাম বলেন, "প্রতিদিন ৩০-৪০ হাজার টাকার মাছ নিই। এখানকার মাছ এক নম্বর মানের, দামও তুলনামূলক কম।" গৃহিণী নাসিমা খাতুন বলেন, "অন্য বাজারে যে মাছ ৫০০ টাকা, এখানে সেটা ৩৫০ থেকে ৩৭০ টাকায় পেয়ে যাই। সবচেয়ে বড় কথা সবসময় টাটকা পাওয়া যায়।" চৌগাছা থেকে আসা সাইফুল ইসলাম জানান, "২৫০০ টাকায় ১০ কেজি মাছ কিনেছি। অন্য কোথাও হলে ৭০০-৮০০ টাকা বেশি লাগত।" শুধু ক্রয়-বিক্রয়েই সীমাবদ্ধ নয় এই বাজারের কার্যক্রম। এর সঙ্গে জড়িয়ে পড়েছেন অন্তত ৩০০-৪০০ মানুষ যারা সরাসরি বা পরোক্ষভাবে জীবিকা নির্বাহ করছেন। আড়তদার দবির উদ্দিন বলেন, "প্রতিদিন আমার আড়তে গড়ে ৩-৩.৫ লাখ টাকার মাছ বিক্রি হয়। প্যাকেটিং, পরিবহন, লোড-আনলোড সব মিলিয়ে অন্তত ২০-৩০ জনের কাজ থাকে প্রতিদিন।" আরেক আড়ত মালিক আব্দুল হান্নান বলেন, "এই বাজারে মাছের মান, দামের স্বচ্ছতা এবং সরবরাহ ব্যবস্থার গতি অন্য যেকোনো বাজারের তুলনায় ভালো। তাই দেশজুড়ে পাইকাররা আসেন।" বাজার কমিটির সভাপতি সালাউদ্দিন শাওন বলেন, "এখানে শুধু বেচাকেনা নয়, মানুষ শেখে, বেড়ে ওঠে। অনেকেই এখানে কাজ শিখে নিজেদের জেলা বা গ্রামে গিয়ে মাছের ব্যবসা শুরু করেছেন।" যদিও বাজারটি আজ এক সফল অর্থনৈতিক কেন্দ্র, কিন্তু এখনো রয়েছে কিছু বড় চ্যালেঞ্জ। আড়তদার শহিদুল ইসলাম বললেন, "আমরা সফল হলেও বাজারে হিমাগার নেই। পানি নিষ্কাশন ব্যবস্থা দুর্বল, রাস্তাঘাটে ট্রাফিক সমস্যা প্রকট। এসব কারণে কখনো কখনো মাছ নষ্টও হয়।" বাজার ব্যবস্থাপনায় কিছু উন্নয়ন হলে এ বাজার আরও বহুগুণ কার্যকর হয়ে উঠতে পারে বলে জানান সংশ্লিষ্টরা। গাংনীর সাহিত্যিক ও সমাজ পর্যবেক্ষক রফিক রশিদ রিজভী বলেন, "এই বাজার এখন শুধু বাণিজ্য নয়, এটি এক ধরনের সামাজিক ও অর্থনৈতিক শক্তি। যদি সরকার এবং স্থানীয় প্রশাসন পরিকল্পিতভাবে কাজ করে, তাহলে গাংনী মাছ বাজার হতে পারে জাতীয় পর্যায়ের এক অনুকরণীয় মডেল।" গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, "আমরা বাজার উন্নয়নে একটি পূর্ণাঙ্গ মাস্টারপ্ল্যান প্রণয়ন করছি। অবকাঠামোগত উন্নয়ন, স্যানিটেশন, পানিনিষ্কাশন, নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়নের বিষয়গুলো গুরুত্ব পাচ্ছে।

## তথ্যহীন বোর্ডে ঠকে কৃষক,

ইসলাম জানান, "আমাদের কাছে শুধুমাত্র তথ্য বোর্ড আছে, স্বয়ংক্রিয় রেইনগজ মিটার বা সৌরবিদ্যুতের প্যানেল নেই। তথ্য বোর্ড প্রায় সবসময়ই বন্ধ থাকে। আমাদের কৃষি অফিসাররা মাঠে গিয়ে কৃষকদের খোঁজ খবর নিয়ে থাকেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেন।" মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আলম জানান, "২০১৮-১৯ অর্থবছরে সরকার কৃষকদের জন্য আগাম আবহাওয়া তথ্য প্রদানের উদ্দেশ্যে একটি প্রকল্প গ্রহণ করে। মেহেরপুরের প্রতিটি ইউনিয়ন পরিষদে তথ্য বোর্ড স্থাপন করা হয়েছে। তবে চালানোর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না পাওয়ায় কার্যক্রম শুরু হয়নি। আমরা বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জানিয়েছি এবং দ্রুত চালুর চেষ্টা করছি।" মেহেরপুরের কৃষকরা জানান, সঠিক সময়ে আবহাওয়ার তথ্য পেলে তারা ফসলের ক্ষতি এড়িয়ে চলতে পারবেন। এ তথ্য বোর্ড সচল থাকলে কৃষকদের অর্থনৈতিক অবস্থাও উন্নত হবে। স্থানীয় কৃষকরা দ্রুত এসব তথ্য বোর্ড চালু করার জোর দাবি জানিয়েছেন, যাতে তারা সঠিক তথ্যের ভিত্তিতে চাষাবাদ পরিচালনা করতে পারেন এবং ঝুঁকি কমিয়ে ফসল রক্ষা করতে সক্ষম হন।

## মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক

বিএনপির আহ্বায়ক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক প্রভাষক ফয়েজ মোহাম্মদসহ আহ্বায়ক কমিটির অন্যান্য নেতৃবৃন্দ। সভায় সদর উপজেলা ও পৌর বিএনপির সম্মেলনসহ আসন্ন জেলা বিএনপির সম্মেলন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও দেশনায়ক তারেক রহমান ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড থেকে ইউনিয়ন পর্যন্ত বিএনপির সর্বস্তরের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ করে দলকে সংগঠিত ও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করা হয়।

## মেহেরপুরে ওএমএস চালু, কম দামে

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা খাদ্য কর্মকর্তা দেব-দুত রায়সহ খাদ্য বিভাগের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

ওএমএস কার্যক্রমের আওতায় প্রতিদিন একজন ব্যক্তি সর্বোচ্চ ৫ কেজি চাল ও ৫ কেজি আটা ক্রয় করতে পারবেন। সরকার নির্ধারিত দরে চাল বিক্রি হচ্ছে প্রতি কেজি ৩০ টাকা এবং আটা ২৪ টাকায়। খাদ্য গুদাম প্রাঙ্গণে সকাল ১০টা থেকে পণ্য বিক্রি শুরু হয়। লাইনে দাঁড়িয়ে সহজেই চাল-আটা সংগ্রহ করতে পারছেন সাধারণ মানুষ। এতে যেমন বাজারে ন্যায্য মূল্যে খাদ্যপণ্য প্রাপ্তি নিশ্চিত হচ্ছে, তেমনি ভোক্তাদের মাঝে স্বস্তি ফিরেছে। জেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা এরশাদ আলী বলেন, "সাধারণ মানুষের দোরগোড়ায় ন্যায্যমূল্যে খাদ্য পৌঁছে দিতে সরকার এই উদ্যোগ নিয়েছে। প্রতিদিন নির্ধারিত পরিমাণ পণ্য সরবরাহ নিশ্চিত করতে আমরা নিয়মিত তদারকি করছি।"তিনি আরও জানান, "পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য এলাকাতেও এই কার্যক্রম সম্প্রসারণ করা হবে, যাতে আরও বেশি মানুষ এই সুবিধা পান।"

ওএমএস থেকে চাল-আটা সংগ্রহ করতে আসা অনেকেই সরকারের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। শহরের রিকশাচালক আবু তাহের বলেন, "৩০ টাকায় চাল আর ২৪ টাকায় আটা পেয়ে ভালোই লাগছে। বাজারে তো সবকিছুর দাম আকাশছোঁয়া। এই কর্মসূচি যেন নিয়মিত চলে, আমরা তাই চাই।" শহরের গৃহবধূ সুলতানা খাতুন বলেন, "এই দামে চাল-আটা পাওয়া আমাদের পরিবারের জন্য অনেক বড় সহায়তা। অন্য সময় বাজারে গেলে শুধু চাল-আটাই কিনতে কষ্ট হয়।" অনেকেই দাবি করেছেন, বিক্রয় কেন্দ্রের সংখ্যা বাড়ালে আরও বেশি মানুষ উপকৃত হবেন। তাদের মতে, বিভিন্ন পয়েন্টে বিক্রির ব্যবস্থা থাকলে ভিড় ও হয়রানি কমবে।

## গাংনীতে ফের ককটেল ফাটিয়ে গণ

ডাকাতদল তাদের গতিরোধ করে। এরপর ব্যবসায়ীদের ওপর হামলা চালিয়ে মারধর ও লুটপাট করে। ডাকাতরা আতঙ্ক সৃষ্টির জন্য দুটি ককটেল বিস্ফোরণ ঘটায়। মোবাইল ফোনগুলো ছিনিয়ে নিয়ে পার্শ্ববর্তী ঝোপে ফেলে দেয় এবং বলে "পরে গিয়ে খুঁজে নিও"। খবর পেয়ে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, "ঘটনার পরপরই অভিযান শুরু হয়েছে। দোষীদের শনাক্ত ও গ্রেপ্তারে চেষ্টা চলছে।" এদিকে, মাত্র পাঁচ দিন আগেই (২৬ জুন) গাংনী থানার নিকটবর্তী ধানখোলা সড়কে একই কৌশলে ককটেল ফাটিয়ে ডাকাতির ঘটনা ঘটে। এক সপ্তাহের ব্যবধানে একই পদ্ধতিতে ডাকাতির পুনরাবৃত্তি হওয়ায় স্থানীয়দের মধ্যে ব্যাপক আতঙ্ক বিরাজ করছে।

## দুস্থদের পাশে দাঁড়ালো মেহেরপুর

সহায়তা করা। এই আর্থিক অনুদান তাদের কিছুটা স্বস্তি এনে দেবে এবং দৈনন্দিন জীবনযাপনে সহায়তা করবে।" অনুষ্ঠানে মেহেরপুরের এনডিসি মোঃ সাজেদুল ইসলাম উপস্থিত ছিলেন। তিনি বলেন, "জেলা প্রশাসন নিয়মিতভাবে এই ধরনের মানবিক উদ্যোগ গ্রহণ করে আসছে। এটি কেবল আর্থিক সহায়তা নয়, মানুষের প্রতি আমাদের দায়বদ্ধতার প্রতিফলন।" অনুদানপ্রাপ্তদের মধ্যে ছিলেন শারীরিক প্রতিবন্ধী, বিধবা, অক্ষম ও হতদরিদ্র পরিবারভুক্তরা, যারা জীবনের নানা কষ্টের মধ্যে দিনযাপন করে আসছেন। তারা জেলা প্রশাসনের এই সহায়তার জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন এবং আশা প্রকাশ করেছেন, ভবিষ্যতেও এই ধরনের সহায়তা অব্যাহত থাকবে। মেহেরপুর জেলা প্রশাসনের এই মানবিক উদ্যোগ সামাজিক সুরক্ষা জোরদার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, যা জেলার অসহায় জনগোষ্ঠীর জীবনে নতুন আশার আলো জ্বালাবে।

## মেহেরপুর যুবলীগের যুগ্ম আহ্বায়ক

মিনিটের সময় রাজধানী ঢাকার ডিএইচএইচ এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

বুধবার দুপুরে মোঃ শহিদুল ইসলাম পেরেশানকে ঢাকা চিপ জুডিশিয়াল আদালতে হাজির করে রাষ্ট্রপক্ষ ১০ দিনের রিমান্ড আবেদন করে। উভয় পক্ষের শুনানি শেষে আদালত পুলিশ হেফাজতে ২ দিনের রিমান্ড মঞ্জুর করে। গতকাল একই মামলায় মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনকে ১০ দিনের রিমান্ড আবেদন করে রাষ্ট্রপক্ষ । আদালত মাহফুজুর রহমান রিটনকে পুলিশ হেপাজতে ৭ দিনের রিমান্ড মঞ্জুর করে। মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ শহিদুল ইসলাম পেরেশানের নামে মেহেরপুর আদালতে তিনটি মামলা রয়েছে।

## গাংনীতে জুলাই-আগস্ট শহীদদের

সদস্য প্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী নাজমুল হুদা, জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসাইন, জেলা শিবিরের সাবেক সভাপতি অধ্যক্ষ আল আমিন ইসলাম বকুল, এবং গাংনী উপজেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জিল্লুর রহমান।

বক্তারা তাঁদের বক্তব্যে শহীদদের আত্মত্যাগের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে বলেন, "জুলাই-আগস্টের এই আন্দোলন আমাদের ত্যাগ ও সংগ্রামের ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। শহীদদের রক্ত বৃথা যাবে না, তাদের আদর্শ বুকে ধারণ করে আমাদের এগিয়ে যেতে হবে।"আলোচনা সভা শেষে শহীদদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়।

## মুজিবনগরে ৫ হাজারের বেশি কৃষক

ইউএনও পলাশ মন্ডল বলেন, "সরকার কৃষকদের পাশে থাকতে দৃঢ়প্রতিজ্ঞ। এ উদ্যোগ দেশের কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"

## গাংনীতে সাবেক এমপি আমজাদ

যান আমজাদ হোসেন। এ সময় তিনি ভোটারদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং বিএনপির নির্বাচনী প্রতীক 'ধানের শীষ'-এ ভোট প্রার্থনা করেন।

গণসংযোগকালে তিনি বলেন, "আমি অতীতে আপনাদের সেবা করার সুযোগ পেয়েছি। আবার সুযোগ পেলে এলাকার সার্বিক উন্নয়ন ও জনগণের ন্যায্য অধিকার আদায়ে কাজ করবো।" তিনি আরও বলেন, "এই নির্বাচন বর্তমান সরকারের দুর্নীতি ও দুঃশাসনের বিরুদ্ধে আন্দোলনের অংশ। জনগণের সরকার প্রতিষ্ঠায় ধানের শীষ প্রতীকের বিজয় নিশ্চিত করতে হবে।" গণসংযোগ চলাকালে ইউনিয়নের বিভিন্ন স্থানে আমজাদ হোসেনকে ঘিরে ব্যাপক জনসমাগম ও উৎসাহ দেখা যায়, বিশেষ করে নারী ও তরুণ ভোটারদের অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। নেতাকর্মীরা জানান, সাধারণ মানুষের এই সাড়া তাদের মনোবল আরও বাড়িয়ে দিয়েছে। গণসংযোগে মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি, যুবদল ও ছাত্রদলের নেতৃবৃন্দসহ শতাধিক নেতাকর্মী অংশ নেন।

## শেখ রেহানার স্বামী ও দেবরের

সঙ্গে আদালত সম্পদের দেখাশোনার জন্য রিসিভার নিয়োগের নির্দেশ দিয়েছেন। আদালতে দাখিল করা আবেদনে বলা হয়, শফিক আহমেদ সিদ্দিকের গাজীপুরে ৩৩.৫০ শতাংশ জমির মধ্যে বিক্রিত অংশ বাদে ১৭ শতাংশ জমি এবং তারিক আহমেদ সিদ্দিকের ১৯.৫০ শতাংশ জমিতে নির্মিত দশতলা ভবনের অর্ধেক অংশ ক্রোক করা হয়েছে। উক্ত সম্পদগুলো মোট ৬৭ শতাংশ জমির ওপর অবস্থিত।

দুদকের পক্ষ থেকে জানানো হয়, দু'জনের বিরুদ্ধে জ্ঞান আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে অনুসন্ধান চলছে। তদন্তের সময় জানা যায় তারা সম্পদগুলো অন্যত্র হস্তান্তর বা স্থানান্তর করার চেষ্টা করছেন, যা অনুসন্ধানে বিঘ্ন সৃষ্টি করতে পারে। সুতরাং, অনুসন্ধান নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সম্পদ ক্রোক এবং রিসিভার নিয়োগের মাধ্যমে সম্পদের সুরক্ষা করা জরুরি বলে আদালত মনে করেন। দুদকের জনসংযোগ বিভাগের উপ-পরিচালক আকতারুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

## মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের

আয়োজন করা হয়। সেখানে নবনির্বাচিত কমিটির সদস্যরা ব্যাংকের দায়িত্ব বুঝে নেন এবং দায়িত্ব পালনে প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

এর আগে, গত ২৮ জুন অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি পদে মোহাঃ হাফিজুর রহমান এবং সহ-সভাপতি পদে মোঃ আবু তালেব বিনা প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে নির্বাচিত হন। এছাড়া সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩২(১) বিধি অনুযায়ী বিনা প্রতিদ্বন্দ্বিতায় দুইজন সদস্য মোঃ শহীদুল্লাহ এবং এস. এমঃ ফয়েজ নির্বাচিত হন। দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নির্বাচন কমিটির সভাপতি মোঃ মাহবুবুল হক এবং সদস্য মোঃ জামিয়ে আলম ও মোঃ সাইফুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন কমিটির সাবেক সভাপতি নূরুল ইসলাম, ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় সমবায়ী নেতৃবৃন্দ। অনুষ্ঠানে নবনির্বাচিত কমিটির সদস্যদের ফুল দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। বক্তারা নতুন কমিটির সাফল্য কামনা করেন এবং তাদের দক্ষ নেতৃত্বে মেহেরপুর সমবায় ব্যাংক আরও উন্নতির পথে এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। নতুন কমিটির দায়িত্ব গ্রহণকে ঘিরে ব্যাংক জুড়ে এক উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়। দায়িত্বগ্রহণ শেষে সভাপতি মোহাঃ হাফিজুর রহমান সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, সবার সহযোগিতায় আমরা সমবায়ের মূলনীতি মেনে পরিচালনার মাধ্যমে সদস্যদের স্বার্থ রক্ষা করবো এবং ব্যাংককে এগিয়ে নিয়ে যাবো।

## ঝিনাইদহে জুলাই সনদের দাবিতে

চত্বরে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। এর আগে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পায়রা চত্বরে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করেন।

বিক্ষোভ ও সমাবেশের নেতৃত্ব দেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শৈলকূপা শাখার যুগ্ম আহ্বায়ক হৃদয় আহমেদ। এছাড়াও বক্তব্য দেন জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব সাইদুর রহমান, ইসলামী ছাত্র আন্দোলনের আহ্বায়ক নাইমুর রহমান, জুলাই রেভুলোশন এলায়েন্সের সদস্য সচিব মোছা. রত্না খাতুন এবং জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় সংগঠক হুমায়ুন কবির। বক্তারা অভিযোগ করে বলেন, "গণ-অভ্যুত্থানের ১১ মাস পেরিয়ে গেলেও এখনো সরকার কোনো ঘোষণা বা সনদ দেয়নি। অথচ এই সময়ে অন্তত ১১ বার সনদ দেওয়া সম্ভব ছিল।" তারা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, "জুলাই সনদ না পেলে রাজপথেই আমাদের অবস্থান থাকবেড়কাউকে শান্তিতে থাকতে দেওয়া হবে না।"

প্রয়োজনে আবারও বৃহত্তর কর্মসূচির ডাক দেওয়া হবে বলে জানান আন্দোলনকারীরা।

## শেখ হাসিনাকে ছয় মাসের কারাদণ্ড

মামলার ভিত্তি হিসেবে প্রমাণ হিসেবে উপস্থাপিত হয়েছে একটি ফোনালাপ, যা সম্প্রতি ফাঁস হয়েছে। ওই ফোনালাপে নারীকণ্ঠে একটি ব্যক্তিকে শোনা যায় বলছেন, "আমার নামে আড়াইশো খুনের মামলা হয়েছে," অর্থাৎ তিনি অভিযোগ করেছেন যে, তার বিরুদ্ধে এতগুলি হত্যা মামলার অনুমতি দেওয়া হয়েছে। ফোনালাপে আরও বলা হয়, আওয়ামী লীগের নেতাকর্মীদের উপর পুলিশ ও তদন্তকারীরা যে নির্যাতন চালাচ্ছে, তাদের কেউ রেহাই পাবে না। অন্য একটি অংশে নারীকণ্ঠের ব্যক্তি বলেছেন, "এক মাঘে শীত যায় না," অর্থাৎ বিএনপি ও অন্যান্য বিরোধী দলগুলোর নেতা-কর্মীরা যারা আওয়ামী লীগ নেতাকর্মী ও সমর্থকদের হত্যাকাণ্ড, অপহরণ ও লুটপাট করছে, তাদের কেউ ছাড় পাবে না। প্রত্যেককে কঠোর শাস্তির মুখোমুখি হতে হবে। ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের বেঞ্চের রায়ের পর চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম জানিয়েছেন, ওই কণ্ঠস্বর সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনারই। প্রসিকিউটর আরও নিশ্চিত করেছেন, এই ফোনালাপটি কোনো কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দ্বারা তৈরি নয় এবং এটি পরীক্ষায় যাচাই-বাছাই করা হয়েছে। শেখ হাসিনার পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী আদালতে তার নির্দোষ থাকার দাবি করেন এবং মামলাটি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে উল্লেখ করেন। তিনি বলেন, এই মামলা একটি রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ, যা শেখ হাসিনাকে এবং আওয়ামী লীগকে নিপীড়িত করার চেষ্টা। শুনানির কয়েক ঘণ্টার মধ্যে ট্রাইব্যুনাল রায় ঘোষণা করে সাবেক প্রধানমন্ত্রীর ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও অপর আসামির ২ মাসের সাজা দেয়। এই রায়কে আওয়ামী লীগ এবং শেখ হাসিনা "রাজনৈতিক প্রহসন" বলে অভিহিত করে এবং তারা রায় বয়কট করার ঘোষণা দিয়েছে। আওয়ামী লীগ দলের অন্যান্য শীর্ষ নেতা এই রায়ের তীব্র নিন্দা জানিয়ে বলেছেন, এটি একটি বিচারবহির্ভূত রাজনৈতিক চাপ সৃষ্টি এবং নির্বাচনের আগে দলের ওপর একটি আঘাত।

## ফখরুল-অরুণ বৈঠক

হয়। বৈঠকে মেহেরপুর বিএনপির সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপট এবং সাংগঠনিক নানা বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে।

আমাদের সূর্যোদয়কে দেওয়া প্রতিক্রিয়ায় মাসুদ অরুণ বলেন, "মহাসচিবের সঙ্গে কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়েছে। তবে বিষয়বস্তু প্রকাশ করা সমীচীন হবে না।" তিনি আরও বলেন, "দলকে গুছিয়ে রাখার কাজ করছি। যারা ১৭ বছর ধরে আন্দোলন-সংগ্রামে থেকেছে, সেই নির্যাতিত নেতাকর্মীদের একত্রিত না করলে ভবিষ্যতে বিজয় সম্ভব নয়। আমি সেই ঐক্য গড়ার কাজ করছি।" মাসুদ অরুণ বলেন, "আমার লক্ষ্য কাউকে বিরোধিতা করা নয়, বরং তারেক রহমান ও বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপিকে সুসংগঠিত রাখা। আগামী দিনে গাংনী ও মেহেরপুরে ধানের শীষকে জয়ী করতেই আমাদের ঐক্যবদ্ধ হতে হবে।" তিনি আরও অভিযোগ করেন, "কিছু নেতার ব্যর্থতায় দল পিছিয়ে পড়ছে। আমি চেষ্টা করছি সেই জায়গা থেকে দলকে নতুনভাবে এগিয়ে নিতে। কারণ দলের প্রতি আমারও দায়িত্ব আছে।

## ৩ জুলাই : কোটাবিরোধী বিক্ষোভে

মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন।

২০২৪ সালের ৩ জুলাই ছিল বুধবার। এইদিন আন্দোলনকারীরা রাজধানী ঢাকার শাহবাগ মোড় দেড় ঘণ্টার মতো অবরোধ করে রাখেন। দাবি আদায়ে বেলা আড়াইটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সামনে জড়ো হন আন্দোলনকারী শিক্ষার্থীরা। এই কর্মসূচিতে ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নেন। 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর ব্যানারে বের হওয়া মিছিলটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে দোয়েল চত্বর ও সুপ্রিম কোর্টের সামনে দিয়ে শাহবাগে এসে জমায়েত হয় বিকেল পৌনে চারটার দিকে। এরপর তারা শাহবাগ মোড় অবরোধ করে রাখেন। আন্দোলনকারীরা বিকেল ৫টা ১২ মিনিট পর্যন্ত প্রায় দেড় ঘণ্টা শাহবাগ মোড়ের সড়কে অবস্থান করেন।

শিক্ষার্থীদের অবরোধের কারণে শাহবাগ মোড় দিয়ে যান চলাচল বন্ধ হয়ে যায়। তারা সড়কে অবস্থান নিয়ে দাবির পক্ষে 'কোটা না মেধা, মেধা মেধা', 'আঠারোর পরিপত্র-পুনর্বহাল করতে হবে', 'কোটা প্রথা নিপাত যাক-মেধাবীরা মুক্তি পাক', 'ছাত্রসমাজ গড়বে দেশ, মেধাভিত্তিক বাংলাদেশ', 'আমার সোনার বাংলায়, বৈষম্যের ঠাই নাই' 'আপস না সংগ্রাম, সংগ্রাম সংগ্রাম', 'হাইকোর্ট না রাজপথ, রাজপথ রাজপথ' 'দালালি না রাজপথ, রাজপথ রাজপথ' ইত্যাদি স্লোগান দেন। স্লোগানের ফাঁকে প্রতিবাদী গানও পরিবেশন করা হয়, পাশাপাশি চলে বক্তব্যও।

শাহবাগ মোড়ের সড়কে অবস্থান নিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম বলেন, আগামীকাল (৪ জুলাই) কোটা বাতিলের পরিপত্র বাতিলের রায়ের বিরুদ্ধে আপিলের যে শুনানি রয়েছে, তার রায় যেন শিক্ষার্থীদের পক্ষে আসে। তারা আগামীকাল বেলা ১১টায় আবারও ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সামনে জমায়েত হবেন বলেও ঘোষণা দেন।

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলের দাবিতে ২০২৪ সালের ৩ জুলাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বেলা সাড়ে তিনটার দিকে পুরান ঢাকার তাঁতীবাজার মোড় সড়ক অবরোধ করেন। সড়ক অবরোধ করে আন্দোলনরত শিক্ষার্থীরা কোটাবিরোধী বিভিন্ন স্লোগান দিতে থাকেন। সেখানে তারা এক ঘণ্টা অবস্থান শেষে বিকাল সাড়ে চারটার দিকে তাঁতীবাজার মোড় ত্যাগ করে ক্যাম্পাসে ফিরে আসেন। একই দাবীতে এইদিন দুপুরে রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আগারগাঁও-খামারবাড়ি সড়ক অবরোধ করেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে দুপুর ১২টায় শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন।

এ সময় শিক্ষার্থীরা 'আমার দেশ আমার মা, বৈষম্য মানি না', 'কোটা বৈষম্য দূর কর, নইলে বুকে গুলি কর', 'সারা বাংলা খবর দে, কোটা প্রথার কবর দে', ইত্যাদি স্লোগান দেন। পরে তারা আগারগাঁও-খামারবাড়ি সড়ক অবরোধ করেন।

সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিল, মেধাভিত্তিক নিয়োগের পরিপত্র বহাল রাখাসহ চার দাবিতে ৩ জুলাই ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তারা বেলা সোয়া তিনটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন। এতে সড়কের দুই পাশে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। প্রায় দেড় ঘণ্টা পর বিকেল পাঁচটার দিকে অবরোধ প্রত্যাহার করে নেন আন্দোলনকারীরা। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের আবদুল জব্বার মোড়ে রেললাইন অবরোধ করেন। ওই সময় ঢাকা থেকে মোহনগঞ্জগামী মহুয়া কমিউটার ট্রেন আটকে রেখে বিক্ষোভ করেন তারা। প্রায় ১ ঘণ্টা পর দুপুর ২টা ২০ মিনিটে তারা রেললাইন অবরোধ তুলে নেন। পরে ট্রেন চলাচল স্বাভাবিক হয়। এর আগে শিক্ষার্থীরা দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চের সামনে সমবেত হন এবং সেখান থেকে বিক্ষোভ মিছিল বের করেন।

এইদিন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কাফনের কাপড় পরে বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের সামনের বরিশাল-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করেন। তাদের কর্মসূচির কারণে প্রায় ২ঘন্টা মহাসড়কের দুই পাশে কয়েকশ' যানবাহন আটকা পড়ে।

৩ জুলাই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা চট্টগ্রাম-খাগড়াছড়ি মহাসড়ক অবরোধ করেন। বেলা পৌনে একটায় বিশ্ববিদ্যালয়ের ১ নম্বর গেট এলাকায় অবরোধ শুরু হয়। চলে বেলা দেড়টা পর্যন্ত। চাকরিতে মেধাভিত্তিক নিয়োগ বহাল রাখার দাবিতে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়'-এর ব্যানারে এই কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা।

এছাড়াও সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিলের দাবীতে বিক্ষোভ মিছিল করে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরে থেকে কোটাবিরোধী বিক্ষোভ মিছিল বের করেন শাবিপ্রবি শিক্ষার্থীরা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে আবার গোল চত্বরে এসে সমবেশে মিলিত হয়।

৩ জুলাই বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে সাধারণ শিক্ষার্থীরা পূর্বের পরিপত্র বহাল রেখে কমিশন গঠন করে কোটা সংস্কারের দাবিতে পদযাত্রা ও সমাবেশ করেন। বেলা ১১টায় কেন্দ্রীয় লাইব্রেরি থেকে একটি মিছিল বের করা হয় এবং মিছিলটি ঢাকা-কুড়িগ্রাম মহাসড়ক সংলগ্ন মডার্ন মোড় প্রদক্ষিণ করে ২ নম্বর গেটে গিয়ে সমাবেশের মাধ্যমে শেষ হয়।

## ডায়াবেটিস রোগীরা যে দুই মাছ

খাওয়া উচিত। তবে মাছ ভাজার পরিবর্তে সিদ্ধ কিংবা অল্প তেলে রান্না করা উচিত। অতিরিক্ত তেল ও মসলা রক্তে শর্করা বাড়িয়ে দেয়। আর কিছু সামুদ্রিক মাছে উচ্চ পরিমাণে কোলেস্টেরল থাকে, তাই সেগুলো সীমিত পরিমাণে খাওয়া উচিত। তবে মাছ প্রোটিনের দুর্দান্ত উৎস এবং এটি ডায়াবেটিস রোগীর জন্য উপকারী হতে পারে।

## সঙ্কটকে জয় করে স্বপ্নের রূপকার

যন্ত্রপাতি ক্রয় করেন। ঢাকার বিভিন্ন গার্মেন্টস থেকে পরিত্যক্ত ঝুট সংগ্রহ করে, শ্রমিক নিয়োগের মাধ্যমে তুলা উৎপাদন কার্যক্রম শুরু করেন। যদিও প্রারম্ভিক পর্যায়ে নানা প্রতিকূলতার সম্মুখীন হন, তবুও ধর্য ও পরিশ্রমের মাধ্যমে ক্রমে ব্যবসা সাফল্যের দিকে অগ্রসর হয়।

বর্তমানে তার কারখানায় মাসিক প্রায় ১২ হাজার কেজি তুলা উৎপাদিত হয়, যার বাজার মূল্য প্রায় ২.৫ থেকে ৩ লক্ষ টাকা। ব্যবসার সব খরচ বাদ দিয়ে তিনি বার্ষিক প্রায় ৩.৫ থেকে ৪ লাখ টাকা নিট লাভ করছেন। কারখানায় উৎপাদিত তুলা স্থানীয় বাজার ছাড়াও পার্শ্ববর্তী জেলা সমূহে সরবরাহ করা হয়। এ ছাড়াও তুলা থেকে বিভিন্ন পণ্য যেমন লেপ, তোশক ও বালিশ তৈরি হয়ে ক্রেতাদের মাঝে ব্যাপক গ্রহণযোগ্যতা লাভ করেছে। নাজমুল খানের উদ্যোগ কেবল নিজস্ব উন্নয়নেই সীমাবদ্ধ থাকেনি; তিনি অন্তত তিনজন শ্রমিককে কর্মসংস্থানের সুযোগ দিয়েছেন, যাদের জীবনমান উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে। একজন কর্মচারী জানান, "এই কারখানায় কর্মরত থেকে আমি ও আমার পরিবার আত্মনির্ভরশীল হয়েছি। নাজমুল ভাই শুধুমাত্র মালিক নন, বরং একজন আদর্শ বড় ভাইয়ের ভূমিকা পালন করেন।"

স্থানীয় জনসমাজও তার সফল উদ্যোগকে গর্বের সাথে গ্রহণ করেছে এবং সরকারের কাছে তার কারখানাকে সম্প্রসারণে সহায়তা প্রদানের আবেদন জানাচ্ছে। মেহেরপুর বিসিকের সম্প্রসারণ কর্মকর্তা ফয়সাল হাসনাত উল্লেখ করেন, "এ ধরনের উদ্যোক্তাদের সহায়তা ও প্রশিক্ষণের মাধ্যমে কারিগরি সহায়তা প্রদান করা হবে, যাতে তাঁরা আরও ব্যাপকভাবে ব্যবসা সম্প্রসারণ করতে পারেন।"

নাজমুল খানের জীবন ও কর্মের কাহিনী আমাদের শিক্ষায় প্রেরণা যোগায় যে, সংকট ও সীমাবদ্ধতা অতিক্রম করে দৃঢ় সংকল্প ও কঠোর পরিশ্রমের মাধ্যমে সাফল্য অর্জন সম্ভব। তার উদ্যোগ ও পরিশ্রম আমাদের সকলের জন্য এক অনুকরণীয় দ

## ৫ মাসে নিখোঁজ প্রায় ৫০০ গৃহবধূ

বক্তব্য সমাজে সৃষ্টি করছে নতুন প্রশ্নড়এই 'নিখোঁজ' কি নিছক পরিবার বা স্বামীর কাছ থেকে পালানো, নাকি এটি দাম্পত্য জীবনের দীর্ঘস্থায়ী বিষণ্নতা ও উপেক্ষার এক প্রতিক্রিয়া? স্থানীয় প্রশাসন বলছে, কিছু ঘটনা প্রেম-সম্পর্কে জড়িয়ে ঘর ছাড়ার হলেও মানবপাচার বা অপরাধমূলক উদ্দেশ্যেও কিছু নারী নিখোঁজ হচ্ছেন কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। প্রতিটি থানাকে দেওয়া হয়েছে বিশেষ সতর্কতা নির্দেশনা, এবং সামাজিক যোগাযোগমাধ্যমে নজরদারি বাড়ানো হয়েছে। সমাজতাত্ত্বিকদের মতে, এটি নিছক ব্যক্তিগত পছন্দ বা কৌতূহলের বিষয় নয়। বরং গৃহবধূদের একঘেয়ে ও নিয়ন্ত্রিত জীবনের বিরুদ্ধে একধরনের নীরব প্রতিবাদ হিসেবেও এই ঘটনাগুলো দেখা যেতে পারে। মোবাইল ও ইন্টারনেট সমাজে নারীদের জন্য খুলে দিচ্ছে নতুন পরিচয়ের দরজাড়যেখানে তারা নিজেদের সিদ্ধান্ত নিজেই নিতে চাইছেন। ঘটনাটি এখন রীতিমতো ভাইরাল সামাজিক যোগাযোগমাধ্যমে। দেগঙ্গার একটি ফেসবুক পেজে বিষয়টি নিয়ে আলোচনা ছড়ানোর পর তা ছড়িয়ে পড়েছে বিভিন্ন গ্রুপ ও চ্যাটে।